# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ ২২৩৩৮৪১৫৯
ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েবসাইট: www.bnmc.gov.bd

নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০২২-**১২১৯** তারিখঃ ১২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

**২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শিক্ষার্থী নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধীনে ২০২১-২২ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধন আগামী ১৫-২৯ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির সময় পুরণকৃত ফরম এবং স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারে নিম্নেবর্ণিত কাগজপত্র স্ক্যান আপলোডসহ এন্ট্রি করে ফরমের প্রিন্ট কপির সাথে সকল কাগজপত্রের সত্যায়িত এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার নম্বরপত্রের অনলাইন ভেরিফাইড কপি যথাযথ প্রক্রিয়ায় কাউন্সিলে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

**১। সরকারি প্রতিষ্ঠান শিক্ষার্থী নিবন্ধন ফরম প্রেরণের নিয়মাবলীঃ**

১.১ সরকারি প্রতিষ্ঠানে জেলা কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফলে উল্লিখিত জেলার প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন, এসএসসি ও এইচএসসি'র টেস্টিমোনিয়াল এবং ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের নাগরিকত্ব সনদে স্থায়ী বাসিন্দা হিসেবে ঠিকানা স্থানীয় ভর্তি কমিটি ও একাডেমিক কমিটি যাচাই-বাছাইপূর্বক গৃহীত সিদ্ধান্তের ফটোকপি।

১.২ ভর্তির সময় জমাকৃত সকল কাগজপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

**২। বেসরকারি প্রতিষ্ঠান অনলাইনে শিক্ষার্থী নিবন্ধনের নিয়মাবলি/শর্তাবলিঃ**

২.১ ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত নীতিমালার শর্তাদি যথাযথ প্রতিপালনসহ বিধি মোতাবেক শিক্ষার্থী নিবন্ধন করাতে হবে।

২.২ বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তির জন্য উত্তীর্ণ শিক্ষার্থী শুধু বিএসসি ইন নার্সিং কোর্সে শিক্ষার্থী নিবন্ধন করতে পারবেন অপর দিকে ডিপ্লোমা নার্সিং/মিডওয়াইফারি কোর্সে ভর্তির পরীক্ষায় উত্তীর্ণ হলে ডিপ্লোমা যেকোন একটি কোর্সে শিক্ষার্থী নিবন্ধন করা যাবে।

২.৩ নিম্নলিখিত কাগজপত্র জমা স্ক্যান করে আপলোড করতে হবেঃ

- শিক্ষা বোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র;
- শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/ মার্কশিট;
- বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও ফলাফল;
- জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন (অনলাইনে ভেরিফাইড কপি)।

উপরোক্ত কাগজপত্র পরিষ্কারভাবে স্ক্যান করে jpg অথবা .pdf ফরমেটে কম্পিউটারে সংরক্ষণ করে নিতে হবে, প্রতিটি ফাইলের সাইজ ১০০ KB এর বেশি এবং ১ MB এর কম হতে হবে।

২.৪ বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তিকৃত বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শিক্ষার্থীর বেশির ভাগ তথ্য ভর্তি পরীক্ষার সময় প্রদত্ত তথ্য হতে নিবন্ধন ফরমে অটোমেটিক পূরণ হবে বিধায় কর্তৃপক্ষ অনলাইলে স্ব-স্ব প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে bncdb.bnmc.gov.bd পোর্টালে লগইন করতে হবে।

- হোম পেজ হতে Student Management অপশনে প্রবেশ করলে Private Student Registration বাটন দেখাবে, সেখানে ক্লিক করলে ভর্তি পরীক্ষার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তির ফরমে প্রবেশ করতে হবে।
- ভর্তির ফরমে আবেদনের সময় প্রদত্ত তথ্য এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখাবে । সেখানে কিছু সংখ্যক ঘর ব্লক থাকবে, যেমনঃ প্রবেশপত্রে ব্যবহৃত ছবি, ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেরিট পজিশন, ইংরেজি নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, কোর্স, নিজ জেলা ইত্যাদি যা তথ্য পরিবর্তন করার সুযোগ থাকবে না।
- ৫% আসনে মেধাবী-অসচ্ছল ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে Quota অপশনে Meritorious-Poor অবশ্যই সিলেক্ট করতে হবে এবং নামের তালিকায় উল্লেখ করতে হবে।
- ফরমে নতুন করে কিছু তথ্য হালানাগাদ করার প্রয়োজন হবে, যেমনঃ জন্ম নিবন্ধন নম্বর বা জন্মসনদ, মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানার কিছু অংশ ইত্যাদি।
- ফরমের নিচের অংশে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করার ঘর থাকবে। পূর্ব স্ক্যানকৃত ফাইলসমূহ আপলোড করা শেষ হলে Submit বাঁটনে ক্লিক করলে আবেদনের কপি প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমে তথ্যে ভুল হলে Student form update অপশনে প্রবেশ করে তথ্য হালনাগাদ করে Print Student Form অপশনে প্রিন্ট করা যাবে।
- অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি শ্রেণি শিক্ষকের (ক্লাস টিচার) তত্ত্বাবধানে শিক্ষার্থীরা মিলিয়ে (সংশোধন করে) স্বাক্ষর পূর্বক অধ্যক্ষ'র নিকট জমা দিবেন। বানান ও তথ্য ভুলের ক্ষেত্রে বিশেষ দৃষ্টি প্রদান করতে হবে। সংশোধনীর ক্ষেত্রে নির্ধারিত ফি ও নিয়মাবলি প্রযোজ্য হবে, যা শিক্ষার্থীর ত্রুটি থাকলে শিক্ষার্থী প্রদান করবে অথবা প্রতিষ্ঠানের ত্রুটি থাকলে তা কর্তৃপক্ষের উপর অর্পিত হবে।

৩। **ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক নার্সিং/ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক পাবলিক হেলথ নার্সিং/ ব্যাচেলর অব সায়েন্স ইন পোস্ট-বেসিক মিডওয়াইফারি, অন্যান্য সহযোগী কোর্স এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধন বিগত বছরের ন্যায় সকল তথ্য নতুনভাবে টাইপ করে ফরম পূরণ করতে হবে।**

৪। সকল কোর্সের স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি ৭০০/- (সাতশত) টাকা হারে সকল শিক্ষার্থীর ফি-একত্রে "বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল" এর অনুকূলে একত্রে একটি "অনলাইন জমা স্লিপ" এর মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে। যে জেলায় প্রাইম ব্যাংক সুবিধা নেই সেখানে "ব্যাংক ড্রাফট/পে-অর্ডার" জমাসহ ছক অনুযায়ী পূর্ণাঙ্গ তালিকা এবং টাকা জমার রশিদ অগ্রবর্তী পত্র (ফরওয়ার্ডিং) দিতে হবে।

ছকঃ শিক্ষার্থী নিবন্ধনের জন্য তালিকা

প্রতিষ্ঠানের নামঃ______________________

কোর্সের নামঃ______________________ শিক্ষার্থী সংখ্যাঃ ______________

নিবন্ধন ফি'র পরিমাণঃ______________________

টাকা জমার রশিদ নং-______________________ টাকা জমার তারিখঃ______________

| ক্রম | ভর্তি পরীক্ষার রোল | ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর | শিক্ষার্থীর নাম | পিতা ও মাতার নাম | কোটা (৫% মেধাবী-অসচ্ছল) |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

12.12.2022

রাশিদা আক্তার
রেজিস্ট্রার (অ: দা:)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্যঃ**

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম;
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
৩. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম;
৪. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং/মিডওয়াইফারি ইনস্টিটিউট/কলেজ (সকল)........................................
৫. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ);
৬. সহায়তার জন্য কম্পিউটার অপারেটরদ্বয়ের মোবাইল নম্বরে ০১৫৫০৬৯৯৩০০/ ০১৫৫০৬৯৯৩০১ (কাউন্সিল হতে প্রতিষ্ঠানে দেওয়া টেলিটক নম্বর হতে সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা মধ্যে যোগাযোগ করা যাবে);
৭. প্রশাসন/হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল;
৮. জনাব/ বেগম.............................................................................